# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

কারিগরি বিভাগ

কোর্ট কম্পাউন্ড, পো:-বর্ধমান, জেলা-পূর্ব বর্ধমান, ৭১৩১০১

## ফেরী ইজারার জন্য দরপত্র আহ্বান (সিল মোহর করা খামে)

## (দ্বিতীয় দফা)

স্মারক সংখ্যাঃ- ডি.ই./ফেরী/৩৭০

তারিখঃ- ০৫/০২/২০২২

এতদ্বারা সর্বসাধারনকে অবগত করা যাইতেছে যে, পূর্ব বর্ধমান জিলা পরিষদের অধীন বর্ধমান সদর / কালনা / কাটোয়া মহকুমা এলাকায় নিম্নলিখিত ফেরীঘাট সমূহের জন্য সিল মোহর করা খামে **এক বছরের জন্য** (২০২১-২২ আর্থিক বছরের জন্য) দরপত্র আহ্বান করা হইতেছে। সমস্ত দরপত্র নিম্নলিখিত তারিখ, সময় সূচী অনুযায়ী জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর অফিসে নির্দিষ্ট বাক্সে জমা দিতে হইবে। দরপত্র নির্দিষ্ট তারিখ ও সময়ের মধ্যে অফিস চলাকালিন যে কোন সময়ে জমা দেওয়া যেতে পারে।

ইচ্ছুক ব্যক্তিগনকে দরপত্র জমা দিবার পূর্বে ঘাটের অবস্থান, নদীর প্রকৃতি, উভয় দিকের রাস্তা ইত্যাদির বিষয়ে সম্যক বিবেচনা করিয়া দরপত্র জমা দিতে হইবে। পরে এ বিষয়ে কোন ওজর আপত্তি গ্রাহ্য হইবে না। নিরাপত্তা বিষয়ে সরকারী আদেশনামা ও প্রয়োজনীয় সতর্কতা অবলম্বন অবশ্যই গ্রহন করিতে হইবে। প্রতিটি ফেরী ঘাটের জন্য আলাদা আলাদা ভাবে দরপত্র সাদা কাগজে দর উল্লেখ করে নিম্নলিখিত তথ্য সহ জমা দিতে হইবে।

১। ভোট দেবার পরিচয় পত্র / আধার কার্ড-এর নকল।

২। নির্দিষ্ট **জামিন জমার অর্থ**, ড্রাফট/পে অর্ডার এর মাধ্যমে জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ এর অনুকূলে, বর্ধমান শহরের কোন সিডিউল ব্যাঙ্ক এর উপর প্রদেয় হইতে হইবে। **(Earnest Money through Bank Draft/Pay Order will be in favour of District Engineer, Purba Bardhaman Zilla Parishad, payble at Bardhaman)**.

সর্বোচ্চ সফল ডাক দাতাকে বাকি অর্থ দরপত্র খোলার দিনই নগদে অথবা ব্যাঙ্ক ড্রাফট এর মাধ্যমে পূর্ব বর্ধমান জিলা পরিষদের নামে জমা দিতে হইবে এবং জিলা পরিষদ কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে ৭ (সাত) দিনের মধ্যে ফেরী মাশুলের হারের তালিকা সহ কুবলিয়ত পত্র জিলা পরিষদের নির্দেশমত ২ জন বিশিষ্ট জামিনদাতার নাম, ঠিকানা ও সহি সহ লেখা পড়া করিয়া রেজিষ্ট্রি করিয়া দিতে হইবে, অন্যথায় বন্দোবস্ত বাতিল বলিয়া গন্য হইবে।

অসফলকারী ডাকদাতাগনের জামিন জমার টাকা জেলা বাস্তুকারের বিবেচনা মত ডাক শেষ হইবার পর ফিরত দেওয়া যাইতে পারে। যে সমস্ত ব্যক্তি/সংস্থা পূর্বে জিলা পরিষদের পাওনা টাকা পরিষোধ করেন নাই বা জিলা পরিষদের শর্তানুযায়ী ঘাট ঠিকঠাক মত চালাইতে পারেন নাই তাহাদের দেওয়া দরপত্র গ্রহন করা হইবে না। ফেরী মাসুলের হারের তালিকা ও চুক্তিপত্রে বর্ণিত শর্তাবলী সমূহ ডাকে অংশগ্রহন করিবার পূর্বেই জিলা পরিষদের নোটিশ বোর্ডে/অফিসে দেখিবার জন্য অনুরোধ করা যাইতেছে। প্রকাশ থাকে যে, জিলা পরিষদ কর্তৃপক্ষ সর্বোচ্চ প্রাপ্ত ডাক গ্রহন করিতে বাধ্য নহেন। এই বিজ্ঞপ্তির প্রচারিত হইবার পরও অনিবার্য কারনে জিলা পরিষদ কর্তৃপক্ষ কোন কারন না দর্শাইয়া প্রকাশিত যে কোন ফেরীঘাটের বা সমস্ত ফেরীঘাট গুলির দরপত্র বাতিল করিবার / অনুমোদন করিবার অধিকার সংরক্ষিত রাখিতেছেন।

| ক্রমিক সংখ্যা | ফেরী ঘাটের নাম | মহকুমার নাম | দরপত্র জমা দিবার স্থান | সিল মোহর করা খামে সমস্ত তথ্য সহ দরপত্র জমা দেওয়ার শেষ তারিখ ও সময় | জামিন জমার পরিমান (টাকা) | ডাকের সর্বনিম্ন পরিমান (টাকা) | দরপত্র খোলার তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | চর কমলনগর | কালনা | জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ অফিস | ১৫/০২/২০২১ দুপুর ২:০০ ঘটিকা | ১,০০০ | ৪,৫০০ | ১৫/০২/২০২১ দুপুর ২:৩০ ঘটিকা |
| ২ | এদ্রাকপুর সাব ফেরী (চুপি) | | | | ১১,০০০ | ৫৫,০০০ | |
| ৩ | মাজিদা | | | | ১,৮০০ | ৯,০০০ | |
| ৪ | তামাঘাটা | | | | ২৪,০০০ | ১,১৯,৮০০ | |
| ৫ | জালুই ডাঙ্গা | | | | ৫,০০০ | ২৩,১০০ | |
| ৬ | মেড়তলা | | | | ৯,০০০ | ৪৭,০০০ | |
| ৭ | শীল্ল্যা | বর্ধমান সদর | | | ১,০০,০০০ | ৫,৫০,০০০ | |
| ৮ | কুলপাড়া | | | | ৪,৫০০ | ২২,০০০ | |
| ৯ | বেগুনকোলা | কাটোয়া | | | ৫০০ | ১,৫০০ | |

05/02/2022
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখঃ- 05/02/2022

স্মারক সংখ্যাঃ- ডি.ই./ফেরী/ ৩২০/02
উপ সচীব/ডি.আই.এ., পূর্ব বর্ধমান জিলা পরিষদ মহাশয়কে ওয়েব সাইট **http://www.burdwanzp.org** -তে সম্প্রচারের জন্য প্রেরিত হল।

05/02/2022
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখঃ- 05/02/2022

স্মারক সংখ্যাঃ- ডি.ই./ফেরী/ ৩২০/02/৭৫
প্রতিলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরিত হইল-
জেলা সমাহর্তা,পূর্ব বর্ধমান ও নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/অতিরিক্ত জেলা শাসক ও জেলা ভূমি ও ভূমি অধিগ্রহন আধিকারিক, পূর্ব বর্ধমান/অর্থিক নিয়ামক ও মূখ্য হিসাব আধিকারিক, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/সচীব, পূর্ব বর্ধমান জিলা পরিষদ/পৌরপতি,(বর্ধমান পৌরসভা, কালনা পৌরসভা এবং কাটোয়া পৌরসভা)/মহকুমা শাসক, বর্ধমান সদর(উত্তর), বর্ধমান সদর(দক্ষিন), কালনা ও কাটোয়া / সভাপতি, পঞ্চায়েত সমিতি(সকল)/ নির্বাহী আধিকারিক,পঞ্চায়েত সমিতি (সকল)/সহকারী বাস্তুকার,পূর্ব বর্ধমান জিলা পরিষদ(সকল)/ অবর সহকারী বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ(সকল)/অবর সহকারী বাস্তুকার, এস্টিমেট শাখা / গাননিক শাখা, জেলা বাস্তুকার, পূর্ব বর্ধমান জিলা পরিষদ।

05/02/2022
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ
তারিখঃ- 05/02/2022

স্মারক সংখ্যাঃ- ডি.ই./ফেরী/ ৩২০/02/৭৫/ ১২
প্রতিলিপি সভাধিপতি / সহকারী-সভাধিপতি / অধ্যক্ষ / কর্মাধ্যক্ষ, জিলা পরিষদ (সকল) পূর্ব বর্ধমান জিলা পরিষদ-এর অবগতির জন্য পাঠানো হল।

05/02/2022
জেলা বাস্তুকার
পূর্ব বর্ধমান জিলা পরিষদ

# পূর্ব বর্ধমান জিলা পরিষদ

**বাস্তুকার বিভাগ**

**কোর্ট কম্পাউন্ড, পোঃ-বর্ধমান, জেলা-পূর্ব বর্ধমান-৭১৩১০১**

## ইজারাদারদের ইজারার বিষয়ে প্রযোজ্য বিশেষ শর্তাবলি

১. প্রতিটি যাত্রীবাহী নৌকাতে লাইফ জ্যাকেট সহ আনুসাঙ্গিক সুবিধা রাখা বাধ্যতামূলক।

২. ফেরীঘাটের দুপাশে মাইকিং এর মাধ্যমে প্রচারে ব্যবস্থা রাখা বাধ্যতামূলক।

৩. প্রতিটি ফেরীঘাটে অবশ্যই ১৮ থেকে ৫০ বছর বয়সের মধ্যে নিয়মিত প্রশিক্ষন প্রাপ্ত ডুবুরি রাখা বাধ্যতামূলক।

৪. শিশু সহ যে সমস্ত যাত্রী সাঁতার জানেন না তাদের নৌকায় ওঠার আগে লাইফ জ্যাকেট বা সেফটি বেল্ট পড়ানো বাধ্যতামূলক।

৫. পারাপারকারী যাত্রীদের অবশ্যই টিকিট দেওয়া বাধ্যতামূলক। শিশুদের কোন ভাড়া নেওয়া চলবেনা কিন্তু তাদের পাশ দেওয়া বাধ্যতামূলক।

৬. প্রতিটি ফেরীঘাটের প্রবেশপথ ও বাহির পথের গেটে তালা ও চাবির ব্যবস্থা রাখা বাধ্যতামূলক।

৭. নৌকায় নির্দিষ্ট সংখ্যক যাত্রী ওঠার পর গেট বন্ধ করে দিতে হবে। এজন্য পর্যাপ্ত পরিমান কর্মচারী নিয়োগ বাধ্যতামূলক।

৮. পরিবহন ব্যবস্থার মতো নিয়ম করে প্রতিটি নৌকার ফিটনেশ পরীক্ষা করানো বাধ্যতামূলক।

৯. ফেরীঘাটের ইজারাদারকে নিজস্ব খরচে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা বাধ্যতামূলক।

১০. প্রতিটি যাত্রীবাহী নৌকায় যাত্রী পরিবহন ক্ষমতা নৌকায় ও ফেরীঘাটে লিখে রাখা বাধ্যতামূলক।

১১. সরকার কর্তৃক নির্ধারিত ফেরী মাসুলের তালিকা প্রতিটি ফেরীঘাটে টাঙিয়ে রাখা বাধ্যতামূলক।

১২. স্নানের ঘাট ও যাত্রী পারাপারের ঘাট অবশ্যই আলাদা করতে হবে।

১৩. নৌকার মাঝি সহ সমস্ত কর্মচারীর সচিত্র পরিচয় পত্র ফেরীঘাটে রাখা বাধ্যতামূলক।

১৪. প্রতিটি ফেরীঘাটে এবং নৌকাতে অগ্নিনির্বাপক ব্যবস্থা রাখা বাধ্যতামূলক।

১৫. নৌকাপিছু প্রয়োজনীয় তথ্য সহ আলাদা আলাদা ফাইল রাখা বাধ্যতামূলক।

১৬. ২৪ ঘন্টা ফেরীঘাটে কর্মচারী থাকা বাধ্যতামূলক।

১৭. প্রাকৃতিক দুর্যোগের সময় খেয়া পারাপার বন্ধ রাখতে হবে।

১৮. যাত্রী নামা-ওঠার জন্য উপযুক্ত নিরাপদ ব্যবস্থা রাখতে হবে।

১৯. ফেরীঘাটে প্রতিটি নৌকার ক্রমিক সংখ্যা লেখা বাধ্যতামূলক।

২০. ফেরীঘাটে একজন নৈশপ্রহরী রাখা বাধ্যতামূলক।

২১. লিজগ্রহীতাকে ফেরীঘাটের সংশ্লিষ্ট সরকারি অফিসের সাথে দুরাভাষে যোগাযোগের ব্যবস্থা সর্বদা রাখা বাধ্যতামূলক।

২২. স্থানীয় প্রশাসন বা জেলা প্রশাসন যে কোন সময় ফেরীঘাটের ব্যবস্থাদি সরজমিনে তদারকি করিতে পারে এ বিষয়ে ইজারাদারকে সর্বদা সতর্ক থাকতে হবে।

=========::=========

[signature] [signature] ০৫/০২/২০২২

জেলা বাস্তুকার

পূর্ব বর্ধমান জিলা পরিষদ